# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৬৯৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬৯৮]

পর্ব-২০: তাহাজ্জুদ এবং দিনের নফল সালাত (كتاب قيام الليل وتطوع النهار)

পরিচ্ছেদঃ ৩৬: তিন রাকআত বিতরের সালাত কিভাবে আদায় করতে হবে?

باب كَيْفَ الْوَتْرُ بِثَلاَثٍ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ، وَالْحَارِثُ بْنُ مِسْكِينٍ قِرَاءَةً عَلَيْهِ وَأَنَا أَسْمَعُ وَاللَّفْظُ لَهُ، عَنِ ابْنِ الْقَاسِمِ، قال: حَدَّثَنِيمَالِكٌ، عَنْ سَعِيدِ بْنِ أَبِي سَعِيدٍ الْمَقْبُرِيِّ، عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، أَنَّهُ أَخْبَرَهُ، أَنَّهُ سَأَلَ عَائِشَةَ أُمَّ الْمُؤْمِنِينَ كَيْفَ كَانَتْ صَلَاةُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي رَمَضَانَ ؟ قَالَتْ: مَا كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَزِيدُ فِي رَمَضَانَ وَلَا غَيْرِهِ عَلَى إِحْدَى عَشْرَةَ رَكْعَةً يُصَلِّي أَرْبَعًا فَلَا تَسْأَلْ عَنْ حُسْنِهِنَّ
وَطُولِهِنَّ، ثُمَّ يُصَلِّي أَرْبَعًا فَلَا تَسْأَلْ عَنْ حُسْنِهِنَّ وَطُولِهِنَّ، ثُمَّ يُصَلِّي ثَلَاثًا قَالَتْ عَائِشَةُ: فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ، أَتَنَامُ قَبْلَ أَنْ تُوتِرَ ؟ قَالَ: يَا عَائِشَةُ، إِنَّ عَيْنِي تَنَامُ وَلَا يَنَامُ قَلْبِي .

تخریج دارالدعوہ: صحیح البخاری/التھجد ١٦ (١١٤٧)، التراویح ١ (٢٠١٣)، المناقب ٢٤ (٣٥٦٩)، صحیح مسلم/المسافرین ١٧ (٧٣٨)، سنن ابی داود/الصلاة ٣١٦ (١٣٤١)، سنن الترمذی/الصلاة ٢٠٩ (٤٣٩)، (تحفة الأشراف: ١٧٧١٩) موطا امام مالک/ صلاة اللیل ٢ (٩)، مسند احمد ٦/٣٦، ٧٣، ١٠٤ (صحیح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1698 - صحيح

বাংলা

১৬৯৭. মুহাম্মাদ ইবনু সালামাহ্ ও হারিস ইবনু মিসকীন (রহ.) ..... আবু সালামাহ্ ইবনু আবদুর রহমান (রহ.) হতে বর্ণিত। তিনি উম্মুল মু'মিনীন ‘আয়িশাহ্ (রাঃ)-কে প্রশ্ন করেন- রমযান মাসে রসূলুল্লাহ (সা.) -এর (নফল) সালাত কি রকম হত? তিনি বলেন, রসূলুল্লাহ (সা.) রমযান অথবা অন্য সময়ে রাতে এগারো রাক'আতের বেশী

সালাত আদায় করতেন না। তিনি চার রাকআত সালাত আদায় করতেন। (সালাতে) তাঁর একাগ্রতা এবং তার সালাত দীর্ঘায়িত করা সম্বন্ধে তুমি প্রশ্ন করো না। অতঃপর আরও চার রাকআত সালাত আদায় করতেন। তাঁর একাগ্রতা এবং সালাত দীর্ঘায়িতকরণ সম্বন্ধে তুমি প্রশ্ন করো না। অতঃপর আরো তিন রাকআত সালাত আদায় করতেন। আয়িশাহ্ (রাঃ) বলেন, আমি বললাম, হে আল্লাহর রসূল (সা.)! আপনি কি বিতরের সালাত আদায় করার পূর্বে নিদ্রা যান? তিনি বললেন, হে ‘আয়িশাহ্! আমার আখিযুগল তো নিদ্রা যায় কিন্তু আমার হৃদয় নিদ্রা যায় না।

## English

How to pray witr with three rak'ahs

It was narrated from Abu Salamah bin Abdur-Rahman that : He asked Aishah, the Mother of the Believers, about how the Messenger of Allah (ﷺ) used to pray in Ramadan. She said: The Messenger of Allah (ﷺ) did not pray more than eleven rak'ahs during Ramadan or at any other time. He would pray four, and do not ask how beautiful or how long they were. Then he would pray four, and do not ask how beautiful or how long they were. Then he would pray three. Aishah said: I said: 'O Messenger of Allah, do you sleep before you pray witr?' He said: 'O Aishah, my eyes sleep but my heart does not.'

### ফুটনোট

সহীহঃ বুখারী ১১৪৭, মুসলিম ৭৩৮, তিরমিযী ৪৪০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90193

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন